

.....

হলেন এ অবস্থার মধ্য দিয়ে আমরা সংসদে বেতে পার

সাতার থেকে অপহরণের দুদিন পর ঢাকায় ৫ স্কুলছাত্রী উদ্ধার

কাগজ প্রতিবেদক : সাতারের একটি গ্রাম থেকে ৫ জন স্কুলছাত্রী অপহৃত হওয়ার দুদিন পর গতকাল শনিবার পুলিশ তাদের পুরোনো ঢাকার শহীদনগরের একটি সুপারি ঘরে থেকে উদ্ধার করেছে।

উদ্ধারকৃত শিশুরা পুলিশকে জানিয়েছে, গত বুধসপ্তিমবার বোরকা পরা একজন অপরিচিত মহিলা কিছুটের সঙ্গে ঘুমের ওষুধ খাইয়ে তাদের সাতারের জামগড়া গ্রাম থেকে অপহরণ করে। তারা সকলেই জামগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রী।

উদ্ধারকৃতরা হচ্ছে : মাকসুদা বাতুন (৯), পিতা আরফাত আলী, নবগ্রাম, গোপালগঞ্জ, টাঙ্গাইল; মোসাম্মত শাহি (৯), পিতা ইদ্রিস মোল্লা, মাকিরচর, শরীফতপুর মোসাম্মত মদিনা বাতুন (৯), পিতা জমির উদ্দিন, মহেশপুর, নাটোর;

মোসাম্মত ফাতেমা বাতুন (১০), পিতা আব্দুল লতিফ, ভূয়াপুর, টাঙ্গাইল এবং তার ছোট বোন কুলসুম আরা (৯)। এদের সবাই জামগড়া গ্রামের বাসিন্দা এবং দিনমজুর দরিদ্র পিতা-মাতার সন্তান। উদ্ধারকৃতদের মধ্যে ফাতেমা বাতুন পঞ্চম শ্রেণিতে ও বাকিরা চতুর্থ শ্রেণিতে পড়াশোনা করে।

পুলিশ ও উদ্ধারকৃত শিশুরা জানিয়েছে, গত বুধসপ্তিমবার বিকালে তারা ৫ জন স্কুল থেকে ফেরার পরে অপরিচিত বোরকা পরা একজন মহিলা তাদের আদর করে ডেকে নিয়ে একটি চাষের দোকানে বসায়। মহিলাটির দেওয়া বিকৃত খেয়ে তারা সকলেই ঘুমিয়ে পড়ে। এরপর তাদের আর কিছু মনে নেই।

গতকাল জোর সড়ে ৫টার দিকে
 ● সংগ্রহ: পৃষ্ঠা ১১ ক্রম: ৪



সাতার থেকে অপহরণের দুদিন

● শেষের পাতার পর

শালবাগের শহীদনগর এলাকার নৈশগ্রহরী আনোয়ার আলী প্রধান একটি সুপারি ঘরের ভেতর অচেতন অবস্থায় ঐ শিশু ৫টিকে দেবে পুলিশে বদর দেয়। পুলিশের তত্বা পেয়ে বাসিন্দা সচেতন হয়ে তারা পুলিশকে ঐ অপহরণের কাহিনী এবং তাদের পরিচয় জানিয়েছে। শালবাগ থানা পুলিশ গতকালই সাতার থানা পুলিশের পাহারায় উদ্ধারকৃতদের নিজ নিজ পরিবারের কাছে পাঠিয়েছে।

তিনি একটি সূত্র মতে, ঢাকার উপকণ্ঠ সাতারের প্রত্যন্ত গ্রাম থেকে এর আগেও একাধিকবার শিশু অপহরণ ঘটেছে। বেশ কয়েকবার কয়েকজন শিশুকেও উদ্ধার করা হয়। আন্তর্জাতিক নারী ও শিশু পাচারকারী চক্র অনেকদিন ধরেই সেখানে তৎপর থাকলেও পুলিশের গাফিলতি এবং এ সংক্রান্ত সচেতনতা সৃষ্টির অভাবে কিছুতেই এ ধরনের অপহরণ বন্ধ হচ্ছে না।